



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
সরকারি মাধ্যমিক শাখা



www.dshe.gov.bd

ঢাকা

নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.৩৪.০০২.২২.৬০

তারিখ: ৫ মাঘ ১৪২৯

১৯ জানুয়ারি ২০২৩

অফিস আদেশ

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন আঞ্চলিক উপপরিচালকের কার্যালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর এর ভারপ্রাপ্ত উপপরিচালক জনাব মো: আখতারুজ্জামান বিগত ২৯.১২.২০২২ তারিখে অবসরজনিত কারণে দায়িত্ব হস্তান্তর করায় জনাব মো: রফিকুল ইসলাম, জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর ২৯.১২.২০২২খ্রি. তারিখ হতে উপপরিচালক এর অতিরিক্ত দায়িত্বভার গ্রহণ করেন। নিম্নবর্ণিত শর্তে দায়িত্বভার গ্রহণের তারিখ হতে তাঁকে উপপরিচালক এর অতিরিক্ত দায়িত্বসহ আর্থিক লেন-দেনের ক্ষমতা প্রদান করা হলো। তিনি আঞ্চলিক উপপরিচালকের কার্যালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর এর কর্মকর্তা-কর্মচারীদের আয়ন-ব্যয়নকারী কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।

শর্তসমূহ:

- এই দায়িত্ব তাঁর নিজ দায়িত্বের অতিরিক্ত। পরবর্তীতে শূন্য পদে উপপরিচালক যোগদানের পর স্বয়ংক্রিয়ভাবে এই আদেশে প্রদত্ত ক্ষমতা বিলুপ্ত হবে।
- ট্রেজারী ও সাব-ট্রেজারী আইনের এস,আর/৯৬ ভলিউম-১ অনুযায়ী তাঁকে আনুষংগিক ভাতা, সম্মানী ইত্যাদি বিলসমূহে স্বাক্ষর করার ক্ষমতা প্রদান করা হলো।
- দায়িত্ব পালনকালীন সকল প্রকার আর্থিক অনিয়মের জন্য তিনিই সর্বোতভাবে দায়ী থাকবেন। তাঁকে বিধি বিধানের আলোকে সকল প্রকার লেনদেন করতে হবে ও আর্থিক লেনদেনের হিসাব-নিকাশ অবশ্যই নির্দিষ্ট রেজিস্ট্রারে সংরক্ষণ করতে হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

১৯-১-২০২৩


দুর্গা রানী সিকদার
সহকারী পরিচালক-১

নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.৩৪.০০২.২২.৬০/১(৭)

তারিখ: ৫ মাঘ ১৪২৯

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) প্রধান হিসাবরক্ষণ ও ফিন্যান্স কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা
- ২) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
- ৩) সিনিয়র সিস্টেম এনালিষ্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৪) বিভাগী/জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা.....।
- ৫) প্রধান শিক্ষক,.....।
- ৬) জনাব,.....।
- ৭) সংরক্ষণ নথি।



১৯-১-২০২৩

দূর্গা রানী সিকদার
সহকারী পরিচালক-১